গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি কলেজ-৬ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৪৩.০০১.১৭.৩০৯ তারিখ: ৯ পৌষ ১৪২৬
২৪ ডিসেম্বর ২০১৯

বিষয়: **ঢাকা মহানগরীর দনিয়ায় অবস্থিত "দনিয়া কলেজ" এ উচ্চ মাধ্যমিক পর্যায়ে দ্বিতীয় শিফট খোলার অনুমতি প্রদান।**

উপর্যুক্ত বিষয়ে চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, ঢাকা এর সুপারিশ মোতাবেক ঢাকা মহানগরীর দনিয়ায় অবস্থিত "দনিয়া কলেজ" এ উচ্চ মাধ্যমিক পর্যায়ে দ্বিতীয় শিফট খোলার অনুমতি নিম্নবর্নিত শর্তে মন্ত্রণালয়ের সম্মতি জ্ঞাপন করা হলো:

শর্তসমূহ:

১) শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদি কলেজের(এমপিও না দেয়ার শর্তে) স্ব-অর্থায়নে পরিচালিত হবে;
২) ভবিষ্যতে উক্ত প্রতিষ্ঠানের কোন শিক্ষক-কর্মচারীকে এমপিওভূক্ত করা যাবে না;
৩) কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না;
৪) উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না;
৫) সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে;
৬) বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে;
৭) কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে।


২৪-১২-২০১৯

মোহাম্মদ আলমগীর হোসেন
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৭৪২৫

চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৪৩.০০১.১৭.৩০৯/১(৮) তারিখ: ৯ পৌষ ১৪২৬
২৪ ডিসেম্বর ২০১৯

সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
২) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
৩) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৪) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৫) সিনিয়র সচিব এঁর একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৬) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৭) অধ্যক্ষ, দনিয়া কলেজ, দনিয়া, ঢাকা।

৮) ব্যক্তিগত কর্মকর্তা, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



২৪-১২-২০১৯

মোহাম্মদ আলমগীর হোসেন

সিনিয়র সহকারী সচিব